# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 08-05-2025 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর -

১) অপারেশন সিঁন্দুরের প্রেক্ষিতে কেন্দ্রীয় সরকার আজ নতুন দিল্লিতে সর্বদল বৈঠকের ডাক দিয়েছে।

২) দেশের বর্তমান পরিস্থিতিতে সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াইয়ে রাজ্য সরকার, কেন্দ্রের সঙ্গে একজোট হয়ে কাজ করবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন। তিনি সামাজিক মাধ্যমে কোনরকম বিভ্রান্তিমূলক খবর ও ছবি না ছড়ানোর পরামর্শ দিয়েছেন।

৩) যুদ্ধকালীন পরিস্থিতিতে সাধারণ মানুষ ও গুরুত্বপূর্ণ জাতীয় সম্পদ রক্ষার ক্ষেত্রে সিভিল ডিফেন্সের প্রস্তুতি খতিয়ে দেখতে পশ্চিমবঙ্গের ৩১-টি জায়গা সহ দেশজুড়ে গতকাল মক ড্রিলের আয়োজন করা হয়।

৪) উচ্চ মাধ্যমিক পরীক্ষার মার্কশিট ও সার্টিফিকেট আজ সকাল ১০-টা থেকে সংসদের বিতরণ কেন্দ্র থেকে দেওয়া শুরু হবে।

আগামী বছর থেকেই এই পরীক্ষা সেমিস্টার পদ্ধতিতে হবে।

৫) রাজ্য সরকারের কর্মচারীদের মহার্ঘ্যভাতা নিয়ে মামলার পরবর্তী শুনানি ১৪-ই মে ।

oooooooooooooooooooooo

অপারেশন সিঁন্দুরের প্রেক্ষিতে কেন্দ্রীয় সরকার আজ নতুন দিল্লিতে সর্বদল বৈঠকের ডাক দিয়েছে। বৈঠকে এই অভিযান সম্পর্কে বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দকে অবহিত করা হবে। সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু এক বার্তায় জানিয়েছেন, সংসদ ভবন চত্বরের কমিটি রুমে আজ সকাল **১১** টায় এই বৈঠক বসবে। সব রাজনৈতিক দলের পক্ষ থেকে এই অপারেশনের প্রশংসা করা হয়েছে। জঙ্গিদের বিরুদ্ধে সশস্ত্র বাহিনীর এই অভিযানে প্রত্যেকে গর্ববোধ করেছেন। পাহেলগাঁও-এর জঙ্গিহামলার পর বিরোধী দলগুলি এর আগে জানিয়েছিল, সরকারের যেকোন উদ্যোগকে তারা সমর্থন জানাবে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, অপারেশন সিন্দুর সফলভাবে পরিচালনার জন্য সশস্ত্র বাহিনীর প্রশংসা করেছেন। নতুন দিল্লিতে কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে প্রধানমন্ত্রী, পহেলগাঁওয়ে জঙ্গি হামলার পর প্রত্যুত্তরে ভারতের এই পদক্ষেপ সম্পর্কে উপস্থিত সকলকে অবহিত করেন।

রাষ্ট্রপতি ভবনে তিনি গতকাল রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সঙ্গে সাক্ষাৎ করে এই অভিযান সম্পর্কে বিস্তারিত জানিয়েছেন। পাকিস্তান ও পাকিস্তান অধিকৃত জম্মু-কাশ্মীরে জঙ্গি ঘাঁটিতে ভারতের অভিযানের কয়েক ঘণ্টা পরেই এই বৈঠক হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০

অপারেশন সিন্দুর অভিযানের জন্য মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ভারতীয় সেনাকে অভিনন্দন জানিয়েছেন। সামাজিক মাধ্যমে তৃণমূল কংগ্রেস এক বার্তায় সামরিক বাহিনী এবং ইউনিফর্ম পরিহিত প্রত্যেক সাহসী যোদ্ধাকে কুর্নিশ জানিয়েছে।

বিজেপির রাজ্য সভাপতি কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার প্রধানমন্ত্রীর বলিষ্ঠ নেতৃত্বের জন্য ধন্যবাদ জানিয়ে বলেন, নব ভারতের সূচনা হয়েছে।

প্রধানমন্ত্রী তাঁর দেওয়া দেওয়া কথা রেখেছেন বলে মন্তব্য করেছেন বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

CPIM এর পলিটব্যুরোর তরফে এক প্রেস বিবৃতি জারি করে বর্তমান পরিস্থিতিতে কেন্দ্রীয় সরকারের পাশে থাকার বার্তা দেওয়া হয়েছে।

অপারেশন সিঁন্দুরের জন্য ভারতীয় সেনাকে অভিনন্দন জানিয়ে গত সন্ধ্যায় কলকাতার প্রদেশ কংগ্রেস কার্যালয় বিধানভবনের সামনে কংগ্রেস নেতা কর্মীরা জমায়েত হন। তারা জাতীয় পতাকা ও ভারতীয় সেনার সমর্থনে প্ল্যাকার্ড লিখে শ্লোগান দেন।

oooooooooooooooooooo

পহেলগাঁওয়ে জঙ্গী হামলার জবাবে ভারতীয় সেনার অপারেশন সিন্দুরে শোকের মধ্যেও স্বস্তির নিঃশ্বাস ফেলেছেন নিহতদের পরিবারের সদস্যরা। কলকাতার বিতান অধিকারির স্ত্রী সোহিনী প্রার্থনা করেন, ভবিষ্যতে কারোর সঙ্গে যাতে এধরনের ঘটনা না ঘটে।

অন্যদিকে বেহালায় সমীর গুহ-র স্ত্রী শর্বরী জানান, এধরনের জবাব দেওয়া অত্যন্ত জরুরী ছিল।

পুরুলিয়ার ঝালদায় নিহত আইবি অফিসার মনীশ রঞ্জনের ভাই বীনিত রঞ্জন মিশ্র বলেন, জঙ্গী কার্যকলাপকে সমূলে ধ্বংস করার জন্য সরকারের পদক্ষেপ নেওয়া উচিত।

বাইট

ooooooooooooooooooooo

পাকিস্তান ও  পাক অধিকৃত কাশ্মীরে সেনা অভিযানের পর উদ্ভূত পরিস্থিতিতে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ গতকাল পাকিস্তান এবং নেপাল সংলগ্ন সীমান্তবর্তী রাজ্যগুলির মুখ্যমন্ত্রীদের সঙ্গে ভার্চূয়াল বৈঠক করেন। বৈঠকে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ছাড়াও পাঞ্জাব, জম্মু-কাশ্মীর, উত্তরাখন্ড, রাজস্থান সহ দশটি রাজ্যের মুখ্যমন্ত্রীরা

অংশ নেন বলে জানা গিয়েছে। এরাজ্যের মুখ্যসচিব মনোজ পন্থ ও পুলিশের মহানির্দেশক রাজীব কুমার উপস্থিত ছিলেন।

**শ্রী শাহ সীমান্তবর্তী রাজ্যগুলির উপরাজ্যপাল এবং মুখ্যমন্ত্রীদের সামাজিক মাধ্যম এবং অন্যান্য প্ল্যাটফর্মে জাতিবিরোধী প্রচারের উপর কড়া নজর রাখতে বলেছেন। তিনি রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সংস্থাগুলির সঙ্গে সমন্বয়ের মাধ্যমে দ্রুত ব্যবস্থা নেওয়ার জন্য বলেছেন । নিরবচ্ছিন্ন যোগাযোগ বজায় রাখার জন্য যেমন সব ধরনের প্রচেষ্টা চালাতে হবে, তেমনি দুর্বল অঞ্চলগুলিতে চিহ্নিত করে জোরদার করতে হবে নিরাপত্তা। তিনি সমস্ত রাজ্যকে মক ড্রিলের জন্য জারি করা নির্দেশিকা অনুযায়ী প্রস্তুতি নিতে আহ্বান জানান। হাসপাতাল, দমকল বাহিনীর মতো জরুরী পরিষেবাগুলির মসৃণ কাজকর্ম এবং অত্যাবশ্যক পণ্যের নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিত করতে হবে।**

oooooooooooooooooooooo

দেশের বর্তমান পরিস্থিতিতে সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াইয়ে রাজ্য সরকার, কেন্দ্রের সঙ্গে একজোট হয়ে কাজ করবে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ-র সঙ্গে বৈঠকের পরে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গতকাল নবান্নে এক সাংবাদিক বৈঠকে বিভেদ না সৃষ্টি করে জনসাধারনকে কোন রকম প্ররোচনায় পা না দেওয়ার আবেদন জানান।

সব কর্মী ও আধিকারিকদের ছুটি বাতিল করা হয়েছে বলে মুখ্যমন্ত্রী জানান। পাশাপাশি রাজ্যের বেসরকারি স্কুলগুলিকেও আগামীকাল থেকে ছুটি দিয়ে দেওয়ার আবেদন জানিয়েছেন তিনি। মুখ্যমন্ত্রী সামাজিক মাধ্যমে কোনরকম বিভ্রান্তিমূলক খবর ও ছবি না ছড়ানোর এবং শান্ত ও সংযত থাকার পরামর্শ দিয়েছেন। ভূয়ো খবর ছড়ালে তাদের চিহ্নিত করে ব্যবস্থা নেওয়ার নির্দেশ বৈঠকে দেওয়া হয়েছে । বিষয়টি দেখার জন্য মুখ্যসচিব মনোজ পন্থ কে নোডাল আধিকারিক হিসাবে নিযুক্ত করা হয়েছে।

(বাইট – মুখ্যমন্ত্রী)

পরিস্থিতির উপরে নজরদারির জন্যে ইতমধ্যেই নবান্নে খোলা হয়েছে কন্ট্রোল রুম। পাশাপাশি কেন্দ্রের নির্দেশ মেনে উত্তরবঙ্গের উত্তরকন্যাতেও একটি হেল্পলাইন চালু করা হবে বলে মুখ্যমন্ত্রী জানান।

কাশ্মীরের পাহেলগাওতে পর্যটকদের উপরে জঙ্গী হামিলার আবহে সবজি, মাছ সহ খোলা বাজারে নিত্যপ্রয়োজনীয় সামগ্রীর দাম যাতে নাগালের বাইরে না যায় তা দেখতে রাজ্য সরকার আজ বিকেলে নবান্নে একটি বৈঠকে বসতে চলেছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরহিত্যে এই বৈঠকে, বাজারদর নিয়ন্ত্রন সংক্রান্ত টাস্ক ফোর্স, এনফোর্সমেন্ট বিভাগ, পুলিশ, বিভিন্ন পাইকারি বাজার ব্যবসায়ী সমিতির সদস্যরা যোগ দেবেন বলে জানা গেছে।

oooooooooooooooooooooooo

Operation সিঁদুরের আবহে বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় এ রাজ্যের শিলিগুড়ি করিডর বা 'চিকেন নেক' নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন। অধ্যক্ষ গতকাল এক সাংবাদিক সম্মেলনে জানান, রাজ্যের সীমান্ত এলাকাগুলি সুরক্ষিত করার জন্য মুখ্যমন্ত্রী বারবার কেন্দ্রের কাছে আবেদন জানিয়েছেন। শিলিগুড়ির 'চিকেন নেক' সন্নিহিত অঞ্চলের কাছাকাছি তিনটি দেশের সীমানা থাকায় এখানে নিরাপত্তায় বাড়তি গুরুত্ব দেওয়া উচিত। পাশাপাশি সুন্দরবন এলাকায় ভারত-বাংলাদেশ জল সীমান্ত নিয়েও বাড়তি সতর্ক হওয়ার কথা বলেন রাজ্য বিধানসভার অধ্যক্ষ। জল পথে দু'দেশের সীমানা বহু জায়গাতেই স্পষ্ট নয় বলে তাঁর মন্তব্য।

oooooooooooooooooooooo

যুদ্ধকালীন পরিস্থিতিতে সাধারণ মানুষ ও গুরুত্বপূর্ণ জাতীয় সম্পদ রক্ষার ক্ষেত্রে সিভিল ডিফেন্স প্রস্তুতি খতিয়ে দেখতে দেশজুড়ে গতকাল মক ড্রিলের আয়োজন করা হয়।

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের নির্দেশে সারা দেশে ২৫৯ টি স্থানে মহড়ার আয়োজন করা হয়। কলকাতা সহ এরাজ্যের মোট ৩১ টি স্থানে মহড়া চলছে বলে খবর। সরকারি সূত্রে জানা গেছে, কেন্দ্রীয় সরকারের নির্দেশমতো এ রাজ্যে আগামী ৭ দিন ধরে ধাপে ধাপে মক ড্রিল চলবে।

নদীয়ার কৃষ্ণনগরের গাবতলার মাঠে এদিন সিভিল ডিফেন্স এর পক্ষ থেকে মক ড্রিলের আয়োজন হয়। সেখানে জরুরীকালীন উদ্ধার প্রণালী কৌশল প্রদর্শন করা হয়। অসামরিক প্রতিরক্ষা দপ্তরের ১৫০ জন, কুইক রেসপন্স টিমের ২৭ জন ও ২৬০ জন আত্মমিত্র এতে অংশগ্রহণ করেন।

দক্ষিণ-পূর্ব রেলের খড়গপুর ডিভিশনের রেলপুলিশ ও পশ্চিম মেদিনীপুর জেলা প্রশাসনের যৌথ তত্ত্বাবধানে রেল স্টেশন সংলগ্ন এলাকায় গতকাল বিকেলে মগ ড্রিল হয়।

পশ্চিম বর্ধমানের চিত্তরঞ্জনে দেশবন্ধু বিদ্যালয়ে আর একটি মগ ড্রিলে কিভাবে বিমান হামলা সহ অন্যান্য হামলার সময় নিজেকে সুরক্ষিত রাখতে হবে সেবিষয়ে বিস্তারিত তথ্য জানানো হয়।

এদিকে রাজ্যে মক ড্রিলের প্রস্তুতি নিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব গোবিন্দ মোহন রাজ্যের প্রতিনিধিদের সঙ্গে গতকাল বৈঠক করেন এ রাজ্যের মুখ্য সচিব মনোজ পন্থ, স্বরাষ্ট্র সচিব নন্দিনী চক্রবর্তী, বিপর্যয় মোকাবিলা দফতরের সচিব রাজেশ সিনহা, ডিজি সিভিল ডিফেন্স জগমোহন প্রমুখ বৈঠকে উপস্থিত ছিলেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

উচ্চ মাধ্যমিক পরীক্ষার মার্কশিট ও সার্টিফিকেট আজ সকাল ১০-টা থেকে স্কুলগুলি সংসদের বিতরণ কেন্দ্র থেকে  দেওয়া শুরু হবে। গতকালই এই পরীক্ষার ফল ঘোষিত

হয়েছে। এবারে পাশের হার ছিল **৯০ দশমিক সাত নয় শতাংশ**। গত দশ বছরের মধ্যে এবারের উচ্চমাধ্যমিকের ফলাফল সবচেয়ে ভালো। মেধা তালিকায় প্রথম দশটি স্থানে রয়েছেন ৭২ জন।

আগামী বছর থেকেই উচ্চমাধ্যমিকে সেমিস্টার পদ্ধতিতে পরীক্ষা হবে। এ বছরই পুরনো পদ্ধতিতে শেষবারের মতো  উচ্চ মাধ্যমিক পরীক্ষা হল। উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের সভাপতি চিরঞ্জীব ভট্টাচার্য জানিয়েছেন, তৃতীয় সেমিস্টারের পরীক্ষা শুরু হবে ৮ ই সেপ্টেম্বর। চলবে ২২ শে সেপ্টেম্বর পর্যন্ত। চতুর্থ সেমিস্টারের পরীক্ষা শুরু হবে ১২ ই ফেব্রুয়ারি। শেষ হবে ২৭শে ফেব্রুয়ারি।

এবছর যারা উচ্চমাধ্যমিকে অকৃতকার্য হয়েছে, তারা চাইলে নতুন পদ্ধতিতে পরীক্ষা দিতে পারবে। এর জন্য অনলাইনে আবেদন করতে হবে। যারা পুরনো পদ্ধতিতেই পরীক্ষা দিতে চায়, তাদের পরীক্ষা ১২ থেকে ২৭ শে ফেব্রুয়ারির মধ্যেই হবে।

oooooooooooooooooooo

রাজ্য সরকারের কর্মচারীদের মহার্ঘ্যভাতা নিয়ে মামলার পরবর্তী শুনানি আগামী বুধবার ১৪-ই মে বেলা ২-টোর সময় হবে। সুপ্রিম কোর্টের বিচারপতি বিক্রম নাথের নেতৃত্বাধীন তিন বিচারপতির বেঞ্চে গতকাল শুনানি থাকলেও রাজ্য সরকারের আইনজীবী অভিষেক মনু সিংভি বলেন, অন্য একটি মামলার শুনানিতে তিনি ব্যস্ত থাকার কারণে এই মামলার শুনানি পিছিয়ে দেওয়া হোক। গ্রীষ্মকালীন অবকাশের পরে জুলাই মাসে শুনানি হতে পারে বলে তিনি মত প্রকাশ করেন।

বিভিন্ন কর্মচারী সংগঠনের পক্ষে বিকাশরঞ্জন ভট্টাচার্য, ফিরদৌস শামিম সহ অন্যান্য আইনজীবীরা অভিযোগ করেন রাজ্য সরকার ইচ্ছকৃতভাবে এই শুনানি পিছিয়ে দিচ্ছে। পরবর্তী শুনানির দিন নির্দিষ্ট করার দাবি জানান তাঁরা। এরপরই ১৪-ই মে ধার্য করা হয়।

oooooooooooooooooooooo

উত্তর-পশ্চিম দিক থেকে শুষ্ক বায়ু প্রবেশের কারণে দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় আজ থেকে আবারো তাপপ্রবাহের মত পরিস্থিতি তৈরি হবে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে।

দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত জানিয়েছেন পশ্চিম বর্ধমান, বীরভূম, বাঁকুড়া, পুরুলিয়ার মতো পশ্চিমের জেলাগুলিতে তাপমাত্রার পারদ কোথাও কোথাও চল্লিশ ডিগ্রি বা তার বেশিও থাকতে পারে। দক্ষিণবঙ্গের জেলাগুলিতে অস্বস্তিকর গরমের হলুদ সর্তকতা জারি করা হয়েছে।

অন্যদিকে উত্তরবঙ্গের মালদা ও দক্ষিণ দিনাজপুরেও তাপপ্রবাহের সর্তকতা রয়েছে।

(বাইট - সোমনাথ দত্ত)

oooooooooooooooooooooo

ইডেনে গতরাতে আইপিএল এর ম্যাচে চেন্নাই সুপার কিংস ২ উইকেটে কলকাতা নাইট রাইডার্সকে হারিয়ে দিয়েছে। কেকেআর টসে জিতে প্রথমে ব্যাট করে নির্ধারিত ২০ ওভারে ৬ উইকেটে ১৭৯ রান তোলে। অধিনায়ক অজিঙ্ক রাহানে ৪৮, আন্দ্রে রাসেল ৩৮ রান করেন। চেন্নাইয়ের হয়ে নুর আহমদ চার উইকেট নেন। জবাবে ব্যাট করতে নেমে চেন্নাই ৮ উইকেট হারিয়ে দুই বল বাকি থাকতেই ম্যাচ জিতে নেয়। দেওয়াল্ড ব্রেভিস ৫২, শিবম দুবে ৪৫ রান করেন। কলকাতার হয়ে বৈভব অরোরা তিনটি উইকেট নেন। নুর আহমেদ ম্যাচের সেরা হয়েছেন। এই ম্যাচে পরাজয়ের ফলে ১২ ম্যাচে ১১ পয়েন্ট নিয়ে কলকাতা ষষ্ঠ স্থানেই রইলো। প্লে অফে যাওয়ার রাস্তা তাদের কঠিন হয়ে গেলো। সমসংখ্যক ম্যাচ খেলে ৬ পয়েন্ট নিয়ে চেন্নাই দশ দলের লিগে সবশেষেই রইলো গতকাল ম্যাচ শুরুর আগে অপারেশন সিঁদুর এর জন্য বাজান হয় জাতীয় সঙ্গীত। দুই দলের ক্রিকেটাররা সারিবদ্ধভাবে দাঁড়িয়ে ভারতীয় সেনাদের সন্মান জানান।

ধরমশালায় আজ আইপিএল এর ম্যাচে পাঞ্জাব কিংস, দিল্লি ক্যাপিটালস এর বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। দুই দলই ১১-টি করে ম্যাচ খেলেছে।

পাঞ্জাব ১৫ পয়েন্ট সংগ্রহ করে লিগ তালিকায় তৃতীয়, দিল্লি ১৩ পয়েন্ট সংগ্রহ করে পঞ্চম স্থানে আছে। প্লে অফের যাওয়ার লক্ষ্যে দুই দলের কাছেই এই ম্যাচ অত্যন্ত গুরুত্বপূর্ণ

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০